



তথ্যবিবরণী

নম্বর-০৫৩

## রাজশাহীতে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করলেন রাসিক প্রশাসক

রাজশাহী; ১৪ আশ্বিন (২৯ সেপ্টেম্বর):

আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টায় মেহেরচন্ডি ফ্লাইওভার রেলক্রসিং এলাকায় একটি বৃক্ষের চারা রোপণ করে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন রাজশাহী সিটি কর্পোরেশনের প্রশাসক ও বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর। বাংলাদেশ রেডক্রিসেন্টের সহযোগিতায় ও রাজশাহী সিটি কর্পোরেশনের আয়োজনে এ কর্মসূচির এবারের প্রতিপাদ্য- 'গাছ লাগাই পরিবেশ বাঁচাই'।

রাসিক প্রশাসক বলেন, জীবের অস্তিত্ব ও পরিবেশের ভারসাম্য রক্ষায় আমাদের ব্যাপক বৃক্ষরোপণ করতে হবে। নগরীর সৌন্দর্য রক্ষায় গুরুত্বপূর্ণ সড়কসমূহে বিভিন্ন প্রজাতির শোভাবর্ধক গাছের চারা রোপণ করা হচ্ছে। বৃক্ষরোপণের সাথে সাথে এগুলোর যথাযথ পরিচর্যা করতে হবে।

তিনি বলেন, পরিচ্ছন্ন পরিবেশ, বৃক্ষরোপণসহ বিভিন্ন ক্ষেত্রে এ নগরী ইতোমধ্যে ব্যাপক সুনাম অর্জন করেছে। বৃক্ষরোপণের ফলে বিভিন্ন প্রজাতির ফুল ও পাখির সমারোহে এ নগরীর সৌন্দর্য যেমন বৃদ্ধি পাবে তেমনি এ নগরী আরও বসবাসের উপযোগী হয়ে গড়ে উঠবে। আসুন সকলে মিলে এ নগরীকে বসবাসযোগ্য নগরী রূপে গড়ে তুলি।

অনুষ্ঠানে রাসিকের সচিব মোঃ মোবারক হোসেন, বাংলাদেশ রেডক্রিসেন্ট রাজশাহী সিটি ইউনিটের ভাইস চেয়ারম্যান রেজাউল করিম রাজু, জার্মান রেডক্রসের প্রজেক্ট অফিসার মোঃ সাজেদুর রহমান, ইপিপিআর অফিসার ডা. শাহনেওয়াজ রশিদ, রাসিকের পরিবেশ উন্নয়ন কর্মকর্তা সৈয়দ মাহমুদুল ইসলাম, রেডক্রিসেন্টের অন্যান্য কর্মকর্তাবৃন্দসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।#

উল্লেখ্য যে, রাজশাহী নগরীর পরিবেশ উন্নয়নে বাংলাদেশ রেডক্রিসেন্ট ফুল, ফল এবং গুঁষাধি প্রজাতির প্রায় এক হাজার বৃক্ষের চারা রোপণ করেছে।

.....

তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৭.০০ ঘ.